General Certificate of Secondary Education
Higher Tier
June 2014

# Bengali

# 46351HT

# H

**Unit 1 Listening Test Transcript**

Wednesday 4 June 2014 9.00 am to 9.45 am
approximately (including reading time)

| FOR INVIGILATOR'S USE ONLY |
|---|

**Time allowed**
- 40 minutes approximately + 5 minutes reading time before the test

- **The pauses are pre-recorded for this test.**

A

This is what you should do for each item.
- After the question number is announced, there will be a pause to allow you to read the instructions and questions.
- Listen carefully to the recording and read the questions again.
- Listen to the recording again and then answer the questions.
- When the next question is about to start you will hear a bleep like this (*).
- You may write at any time during the test.
- Answer **all** questions in **English**.
- You must answer the questions in the spaces provided. Do not write outside the box around each page or on blank pages.
- Write neatly and put down **all** the information you are asked to give.
- Ask any questions now. **You must not ask questions or interrupt during the test*.**
- You now have five minutes to read through the question paper. You may make notes during this time. You may open your answer book now.
- **The test starts now.**

Once the recording has started, the Invigilator must not pause it **at any time** as all pauses, including the five minutes reading time, are pre-recorded.

***If candidates ask any questions at this point, the Invigilator should pause the recording until the questions have been answered. The recording should then be restarted.

**Example:** **M1** বলো তো এটা কী?
গরম পানিতে ছাড়তে হয়, চিনি ও দুধ দিতে হয়, চুমুক দিয়ে খেতে হয়।

**1** **F1** বলো তো এটা কী?
কাঁটা থাকে, একই দিকে ঘুরে, সব সময় দেখার দরকার পড়ে।

**2** **M2** বলো তো এটা কী?
নাকের উপর বসে, কান টেনে ধরে।

**3** **F2** বলো তো এটা কী?
কিছুটা গোলাকার, খুব শক্ত, ভিতরে মিষ্টি পানি থাকে।

**4** **M1** বলো তো এটা কী?
মানুষ বাড়িতে পোষে, লম্বা দুটি গোঁফ থাকে, দুধ খেতে ভালবাসে।

**5** **F1** বলো তো এটা কী?
মাটিতে ফলে, তেলে ভেজে খাওয়া যায়, এদেশের প্রিয় খাবার।

**Example:** **M1** আমি একজন কম্পিউটার টেকনিশিয়ান। কেউ আমাকে ফোন করলে তাদের বাসা বা অফিসে গিয়ে কম্পিউটার ঠিক করে দিই। আমার নিজের কোনো অফিস নাই। তাই কোনো ভাড়াও দিতে হয় না।  কিন্তু অসুবিধা একটাই - প্রায় সময়ই গাড়ি চালাতে হয়।

**6** **F1** আমি একজন ক্লিনার। একটা বড়ো অফিসে কাজ করি। কাজটা তেমন কষ্টের নয় বলে ভালো লাগে। কিন্তু পয়সা কম পাই।

**7** **M2** আমি একজন ট্যাক্সি ড্রাইভার। আমার ইচ্ছামতো যতো ঘণ্টা চাই, ততো ঘণ্টা কাজ করতে পারি। তাই কাজটি খুব সুবিধাজনক। তবে অসুবিধা হলো, বেশীর ভাগ সময়ই রাতের বেলায় কাজ করতে হয়।

**8** **F2** আমি একজন স্কুল শিক্ষক। আমি যাদের সাথে কাজ করি তারা সবাই বন্ধুর মতো। তাই কাজটি করতে আমার খুব ভালো লাগে। কিন্তু অসুবিধা হলো, আমার বাড়ি স্কুল থেকে অনেক দূরে।

**9** **M1** আমার নাম মুমিন। আমি একটা ট্রাভেল এজেন্সীতে চাকরি পেয়েছি। প্রতি মাসে আমাকে ৫০টি টিকিট বিক্রি করতে হবে। তাহলে ভালো কমিশন দিবে।

**10 (a)** **F2** আজ জিসিএসই পরীক্ষার ফল প্রকাশিত হবে। ফলাফল জানার জন্য ছাত্রছাত্রীরা আগ্রহের সাথে অপেক্ষা করছে।

**10 (b)** **M2** যারা বই ভালোবাসেন তাদের জন্য সুখবর। সোমবার থেকে ঢাকায় বইমেলা শুরু হচ্ছে। সেখানে আপনাদের প্রিয় লেখকের বই পাবেন।

**10 (c)** **F1** আগামি ৩০শে জুন থেকে রানওয়ের মেরামত কাজ শুরু হবে। সেজন্য শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দর ছয় মাস বন্ধ থাকবে। যাত্রীদের অসুবিধার জন্য আমরা দুঃখিত।

**10 (d)** **M1** ফেরদৌস আরা হলেন নজরুল সংগীতের একজন নামী শিল্পী। এবার তিনি সংগীতে জাতীয় পুরস্কার পেয়েছেন।

**10 (e)** **F2** আগামি রবিবার মোহামেডান খেলবে আবাহনীর সাথে। ম্যাচটি হবে ঢাকার মীরপুর খেলার মাঠে।

**11** **M2** এবারে আবহাওয়ার খবর। আগামিকাল সকালে আকাশ মেঘলা থাকবে কিন্তু বৃষ্টি হওয়ার সম্ভাবনা নেই। তবে সন্ধ্যায় খুব বেশী বৃষ্টি হতে পারে।

**12** **M1** আজকাল মানুষে মানুষে যোগাযোগ হয় ইন্টারনেটে। আমার মতে ইন্টারনেটে যোগাযোগের সবচেয়ে সুবিধা হলো, সময় খুব কম লাগে, খরচও কম হয়। তবে অন্যেরা তোমার সব বিবরণ জেনে যেতে পারে, তোমাকে বিরক্ত করতে পারে, তোমার স্বাস্থ্যের ক্ষতি হতে পারে। বিরক্ত করাটাই আমি সবচেয়ে বেশী খারাপ মনে করি।

**13** **F1** আগের যুগে মানুষ যোগাযোগ করতো হাতে চিঠি লিখে। চিঠি পৌঁছাতে অনেকদিন লাগতো। কখনো কখনো চিঠি হারিয়ে যেতো। তবে আমার মতে, চিঠি পেলে খুব খুশী লাগতো। কেননা, চিঠিতে আবেগময় কথা থাকতো। বুঝা যেতো, সে তোমাকে নিয়ে ভাবে।

**Example:** **F2** আচ্ছা উপল, তুমি তো ছোটোবেলা থেকেই ব্রিটেনে আছো? বলো তো, এখানে আগে চাকরির অবস্থা কেমন ছিলো?

**M2** এখানে একসময় চাকরির খুব ভালো সুযোগ ছিলো। একটু চেষ্টা করলেই সহজে চাকরি পাওয়া যেতো।

14 M2 আর এখন কী হচ্ছে তুমিই তো দেখছো অণিমা। বেকার লোকের সংখ্যা দিন দিন বাড়ছে। অনেকের চাকরি চলে যাচ্ছে। টাকা নাই বলে নূতন চাকরির সুযোগ আসছে না। জিনিসপত্রের দাম যেমন – খাবার, পেট্রোল ও গ্যাস ইত্যাদির দাম বেড়ে যাচ্ছে। ফলে সংসারের খরচ বাড়ছে।

15 M2 ভালো চাকরি পেতে হলে কী করা যায় বলে তুমি মনে করো অণিমা?

F2 ঠিক বলেছো উপল। আমার মামা প্রায়ই বলতেন, "সহজে চাকরি পেতে হলে তোমাকে ডাক্তার বা ইঞ্জিনিয়ার হতে হবে।" তাই আমার উপর লেখাপড়ার চাপ ছিলো খুব বেশী, যা আমার মোটেও ভালো লাগতো না। এখন বুঝতে পারছি, ভালো চাকরি পেতে হলে উচ্চ ডিগ্রি লাভ করাটা কতোটা জরুরী। শুধু তাই নয়, দ্বিতীয় একটি ভাষা জানা কিংবা টেকনিক্যাল বিষয়ে লেখাপড়া করাও যে খুব দরকার।

16 M1 গত শনিবারে আমার দাদার বয়স হলো আশি। আমরা নাতি-নাতনীরা তার জন্য একটা পার্টির আয়োজন করি। তিনি ওসব দেখে চমকে উঠলেন তবে খুব খুশীও হলেন সবাইকে আদর করে জড়িয়ে ধরলেন।

17 M2 পৃথিবীর তাপ দিন দিন বাড়ছে। এর ফলে, আর্কটিক সাগরের বরফ আস্তে আস্তে গলে যাচ্ছে।

18 M2 প্রতি বছর কোথাও না কোথাও ঘূর্ণিঝড় বা সাইক্লোন হচ্ছে। যেমন, ২০০৭ সালে বাংলাদেশে 'সিডর' নামে একটি ঘূর্ণিঝড় হয়েছিলো ।

19 M2 'সিডর'-এর কারণে পাঁচ হাজারেরও বেশী মানুষ মারা গিয়েছে। অনেক লোক বাড়িঘর হারিয়েছে। তাদের খাবার বা কাপড়-চোপড়ও ছিলো না। সুন্দরবনের অনেক প্রাণীর মৃত্যু হয়েছে।

20 F1 পরিবেশ দূষণের কারণে পৃথিবীর আবহাওয়া বদলে যাচ্ছে। তাই, পরিবেশ দূষণ কমাতে আমাদের অনেক গাছপালা লাগাতে হবে। গাড়ি চালানো কমাতে হবে। ফ্যাক্টরির কালো ধোঁয়া নিয়ন্ত্রণ করতে হবে।

21 F1 হেঁটে বা সাইকেল চালিয়ে আমরা গাড়ির ব্যবহার কমাতে পারি। অকারণে বিদ্যুতের ব্যবহার কমাতে পারি। তাতে খরচ কমবে। আর বেশী বেশী রি-সাইকেল করে আমরা পরিবেশও বাঁচাতে পারি।

**22** **F2** ওমর, তোমার স্কুল জীবন না কলেজ জীবন ভালো লাগতো?
**M1** আমার ভালো লাগতো আমার স্কুলজীবন।
**F2** কেন বলো তো?
**M1** কারণ, আমরা পাঁচ বন্ধু একসাথে স্কুলে আসা-যাওয়া করতাম। আমি স্কুলের ক্রিকেট দলে খেলতাম। আমাদের অঙ্কের টীচার খুব মজা করে পড়াতেন। কতো ভালো লাগতো সে সময়!

**23** **M1** রিহানা, তোমার কোনটা ভালো লাগতো? স্কুল না কলেজ জীবন?
**F2** আমার ভালো লাগতো কলেজ জীবন।
**M1** কেন বলো তো?
**F2** কারণ, কলেজের পরিবেশ ছিলো অপরিচিত। তবে আমার ক্লাসের শিক্ষক ও ছাত্রছাত্রীরা আমাকে ভালোবাসতেন। পরে আমি স্টুডেন্ট কাউন্সিলের চেয়ার হয়েছিলাম। কলেজ জীবনের কথা এখনও ভুলতে পারিনি।

**END OF TEST**

**Blank page**

**Blank page**

**Blank page**

Copyright © 2014 AQA and its licensors. All rights reserved.